# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী সমীপে
## ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ ................ জেলার পক্ষ থেকে
## স্মারকলিপি

**মাধ্যমঃ.......................................**

মাননীয় প্রধানমন্ত্রী,

ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর ............. জেলা শাখার পক্ষ থেকে আপনাকে সশ্রদ্ধ অভিন্দন জানাচ্ছি।

মহোদয়,

মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত স্বাধীন বাংলাদেশের স্থপতি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আজীবন লালিত স্বপ্ন ছিল সুজলা সুফলা শস্য-শ্যামলা বাংলাদেশকে সোনার বাংলায় পরিনত করা। তার সুযোগ্য উত্তরসূরী হিসেবে আপনার নেতৃত্বাধীন কৃষি বান্ধব সরকার কর্তৃক গৃহীত সময়োপযোগী বাস্তবভিত্তিক পদক্ষেপ গ্রহণের ফলে দেশ খাদ্যে স্বয়ংসর্ম্পূনতা অর্জন করেছে এবং দেশের কৃষক সমাজের উন্নয়নসহ সাধারণ মানুষের জীবন মান উন্নত হয়েছে। সর্বোপরি বাংলাদেশকে উন্নয়নশীল দেশে পরিনত করা আপনার সরকারের ঐতিহাসিক সাফল্য।

আপনার সরকার কর্তৃক প্রণীত কৃষি ও কৃষকের উন্নয়নে বাস্তব ভিত্তিক কৃষি নীতির ফলে কৃষি ক্ষেত্রে অর্জিত সাফল্যের সাথে ওতোপ্রোতভাবে জড়িত দেশের কৃষক সমাজ এবং মাঠে ময়দানে কর্মরত ডিপ্লোমা কৃষিবিদগণ। ডিপ্লোমা কৃষিবিদগণ রোদ, বৃষ্টি, ঝড়-ঝঞ্চাকে উপেক্ষা করে কৃষকের কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করে যাচ্ছে। গবেষণাগারে উদ্ভাবিত নতুন প্রযুক্তি কৃষকদেরকে হাতে কলমে শিখিয়ে দিচ্ছেন ডিপ্লোমা কৃষিবিদগণ।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে বিভিন্ন প্রকল্প যেমন উপজেলা পর্যায়ে প্রযুক্তি হস্তান্তরের মাধ্যমে কৃষক প্রশিক্ষণ, শস্য বহুমুখীকরণ প্রকল্প, চাষী পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও পিয়াজ বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প, চাষী পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প, আইএফএমসি, এনএটিপি-২, নিরাপদ ফসল উৎপাদন, কমলা চাষ উন্নয়ন, বসতবাড়ীতে মিশ্র ফল বাগান স্থাপন এবং রাজস্ব খাতসহ ৫০টির অধিক প্রকল্প মাঠ পর্যায়ে চলমান আছে।

অত্যন্ত দুঃখজনক হলেও সত্য যে, প্রকল্পাধীন সংশ্লিষ্ট কৃষক কৃষাণী তার নামে বরাদ্দকৃত অর্থ ও উপকরণের পরিমান এর পরিচ্ছন্ন পত্র বা ভাংতি বিবরণী জানেন না। আরও উল্লেখ্য সরকারী নির্দ্দেশনা থাকলেও স্থানীয় জনপ্রতিনিধি/উপজেলা চেয়ারম্যান/ইউপি চেয়ারম্যান এমনকি সংশ্লিষ্ট উপ-সহকারী কৃষি কর্মকর্তাদেরকে সরকারী বরাদ্দ জানানো হয় না। পক্ষান্তরে কতিপয় দুর্নীতিবাজ কৃষিবিদ কর্মকর্তা কৃষকদের ন্যায্য পাওনা দিচ্ছে না। ফলে কৃষক সমাজ প্রতিনিয়ত তার ন্যায্য পাওনা হতে বঞ্চিত হচ্ছেন। সরকারের ভাবমূর্তি রক্ষাসহ জাতীয় স্বার্থে বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। কতিপয় কৃষি কর্মকর্তা যারা দুর্নীতির সাথে জড়িত তাদের বিরুদ্ধে তদন্ত সাপেক্ষে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার জন্য মাননীয় মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে বার বার অনুরোধ করা সত্ত্বেও এসব দুর্নীতির কোনরুপ প্রতিকার হয়নি। এ ব্যাপারে আপনার আশু হস্তক্ষেপ কামনা করছি।

মাননীয় প্রধানমন্ত্রী,

মাঠে ময়দানে কর্মরত ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীগণ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের ন্যায় একই কারিগরী বোর্ড থেকে একই মেয়াদী এবং একই মান সম্পন্ন শিক্ষা থাকা সত্ত্বেও অদ্যাবদি তাদের ন্যায্য অধিকার ১০ম গ্রেড প্রাপ্তি থেকে বঞ্চিত রয়েছে। অনতিবিলম্বে ১০ম গ্রেড বেতনস্কেল বাস্তবায়ন করার জন্য আপনার সমীপে জোর আবেদন জানাচ্ছি। এতে ডিপ্লোমা কৃষিবিদগণ উজ্জীবিত হবেন, তাদের কর্মস্পৃহা বৃদ্ধি পাবে এবং দেশের কৃষি ও কৃষকগণ উপকৃত হবেন বলে আমরা মনে করি।

মহোদয়,

ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের ন্যায় ডিপ্লোমা কৃষিবিদদের পদোন্নতি কোঠা ২০% থেকে ৩৩.৩৪% উন্নীত করা, বি.সি.এস কৃষি ক্যাডারের প্রারম্ভিক পদে সংরক্ষিত ২০% কোঠায় ডিপ্লোমা কৃষিবিদ এইওদের চলতি দায়িত্ব প্রদান করা, এইও পদে পদোন্নতির জন্য চাকুরির মেয়াদ ০৫ থেকে কমিয়ে ০১ বছর করা, বিভিন্ন প্রকল্পের মাধ্যমে কৃষিবিদদের ন্যায় ডিপ্লোমা কৃষিবিদদের বিদেশ প্রশিক্ষণে সুযোগ সৃষ্টি করা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে বিরাজমান রিভিজিটের মাধ্যমে ডিপ্লোমা কৃষিবিদদের বিলুপ্তকৃত পদগুলো পুনঃস্থাপন বা সংযোজন করা সহ ডিপ্লোমা কৃষিবিদদের বিভিন্ন ন্যায্য দাবী বাস্তবায়নে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কৃষিবিদ মহাপরিচালক অত্যন্ত উদাসীন এবং আন্তরিক নন। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে মহাপরিচালক পদে কৃষিবিদ মহাপরিচালক না থেকে নিরপেক্ষ প্রশাসনিক মহাপরিচালক থাকলে ডিপ্লোমা কৃষিবিদদের ন্যায্য দাবীগুলো অনেক আগেই পূরন হত বলে আমাদের বিশ্বাস। সুতরাং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে দুর্নীতি মুক্ত, স্বচ্ছ, জবাবদিহিতা এবং পক্ষপাতহীন করার লক্ষ্যে মহাপরিচালকসহ দপ্তর/সংস্থার প্রশাসনিক স্তরে প্রশাসন ক্যাডারের কর্মকর্তা নিয়োগ করার জন্য আপনার সমীপে বিনীত আবেদন করছি।

মাননীয় প্রধানমন্ত্রী,

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরসহ বিভিন্ন বিভাগ, সংস্থা ও গবেষণাগারে কর্মরত ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের ১০ম গ্রেড বেতনস্কেল বাস্তবায়নসহ কৃষকদের উন্নয়নের লক্ষ্যে, তাদের ন্যায্য পাওনা প্রাপ্তির স্বার্থে এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে দুর্নীতিমুক্ত করার লক্ষ্যে মহাপরিচালক পদসহ প্রশাসনের সকল স্তরে নিরপেক্ষ প্রশাসনিক (বি.সি.এস) ক্যাডার কর্মকর্তা নিয়োগ দিয়ে দুর্নীতির হাত থেকে কৃষি, কৃষক এবং দেশকে রক্ষা করার জন্য জোর দাবী জানাচ্ছি।

আল্লাহ আপনার সহায় হউন ।

| | |
|---|---|
| সভাপতি | সাধারন সম্পাদক |
| ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ | ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ |
| .......................জেলা শাখা। | .......................জেলা শাখা। |

# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ ................ জেলার পক্ষ থেকে
# মাননীয় সংসদ সদস্য ......... আসন, ......... জেলার সমীপে
# স্মারকলিপি

মাননীয় সংসদ সদস্য,

ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর ............. জেলা শাখার পক্ষ থেকে আপনাকে সশ্রদ্ধ অভিন্দন জানাচ্ছি।

মহোদয়,

মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত স্বাধীন বাংলাদেশের স্থপতি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আজীবন লালিত স্বপ্ন ছিল সুজলা সুফলা শস্য-শ্যামলা বাংলাদেশকে সোনার বাংলায় পরিনত করা। বর্তমান কৃষি বান্ধব সরকার কর্তৃক গৃহীত সময়োপযোগী বাস্তবভিত্তিক পদক্ষেপ গ্রহণের ফলে দেশ খাদ্যে স্বয়ংসম্পূর্নতা অর্জন করেছে এবং দেশের কৃষক সমাজের উন্নয়নসহ সাধারণ মানুষের জীবন মান উন্নত হয়েছে। সর্বোপরি বাংলাদেশকে উন্নয়নশীল দেশে পরিনত করা আপনার সরকারের ঐতিহাসিক সাফল্য।

বর্তমান সরকার কর্তৃক প্রণীত কৃষি ও কৃষকের উন্নয়নে বাস্তব ভিত্তিক কৃষি নীতির ফলে কৃষি ক্ষেত্রে অর্জিত সাফল্যের সাথে ওতোপ্রোতভাবে জড়িত দেশের কৃষক সমাজ এবং মাঠে ময়দানে কর্মরত ডিপ্লোমা কৃষিবিদগণ। ডিপ্লোমা কৃষিবিদগণ রোদ, বৃষ্টি, ঝড়-ঝঞ্ঝাকে উপেক্ষা করে কৃষকের কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করে যাচ্ছে। গবেষণাগারে উদ্ভাবিত নতুন প্রযুক্তি কৃষকদেরকে হাতে কলমে শিখিয়ে দিচ্ছেন ডিপ্লোমা কৃষিবিদগণ।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে বিভিন্ন প্রকল্প যেমন উপজেলা পর্যায়ে প্রযুক্তি হস্তান্তরের মাধ্যমে কৃষক প্রশিক্ষণ, শস্য বহুমুখীকরণ প্রকল্প, চাষী পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও পিয়াজ বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প, চাষী পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প, আইএফএমসি, এনএটিপি-২, নিরাপদ ফসল উৎপাদন, কমলা চাষ উন্নয়ন, বসতবাড়ীতে মিশ্র ফল বাগান স্থাপন এবং রাজস্ব খাতসহ ৫০টির অধিক প্রকল্প মাঠ পর্যায়ে চলমান আছে।

অত্যন্ত দুঃখজনক হলেও সত্য যে, প্রকল্পাধীন সংশ্লিষ্ট কৃষক কৃষাণী তার নামে বরাদ্দকৃত অর্থ ও উপকরণের পরিমান এর পরিচ্ছন্ন পত্র বা ভাংতি বিবরণী জানেন না। আরও উল্লেখ্য সরকারী নির্দেশনা থাকলেও স্থানীয় জনপ্রতিনিধি/উপজেলা চেয়ারম্যান/ইউপি চেয়ারম্যান এমনকি সংশ্লিষ্ট উপ-সহকারী কৃষি কর্মকর্তাদেরকে সরকারী বরাদ্দ জানানো হয় না। পক্ষান্তরে কতিপয় দুর্নীতিবাজ কৃষিবিদ কর্মকর্তা কৃষকদের ন্যায্য পাওনা দিচ্ছে না। ফলে কৃষক সমাজ প্রতিনিয়ত তার ন্যায্য পাওনা হতে বঞ্চিত হচ্ছেন। সরকারের ভাবমূর্তি রক্ষাসহ জাতীয় স্বার্থে বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। কতিপয় কৃষি কর্মকর্তা যারা দুর্নীতির সাথে জড়িত তাদের বিরুদ্ধে তদন্ত সাপেক্ষে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার জন্য মাননীয় মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে বার বার অনুরোধ করা সত্ত্বেও এসব দুর্নীতির কোনরুপ প্রতিকার হয়নি। এ ব্যাপারে আপনার আশু হস্তক্ষেপ কামনা করছি।

মাননীয় সংসদ সদস্য,

মাঠে ময়দানে কর্মরত ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীগণ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের ন্যায় একই কারিগরী বোর্ড থেকে একই মেয়াদী এবং একই মান সম্পন্ন শিক্ষা থাকা সত্ত্বেও অদ্যাবদি তাদের ন্যায্য অধিকার ১০ম গ্রেড প্রাপ্তি থেকে বঞ্চিত রয়েছে। অনতিবিলম্বে ১০ম গ্রেড বেতনস্কেল বাস্তবায়ন করার জন্য আপনার সমীপে জোর আবেদন জানাচ্ছি। এতে ডিপ্লোমা কৃষিবিদগণ উজ্জীবিত হবেন, তাদের কর্মস্পৃহা বৃদ্ধি পাবে এবং দেশের কৃষি ও কৃষকগণ উপকৃত হবেন বলে আমরা মনে করি।

মহোদয়,

ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের ন্যায় ডিপ্লোমা কৃষিবিদদের পদোন্নতি কোঠা ২০% থেকে ৩৩.৩৪% উন্নীত করা, বি.সি.এস কৃষি ক্যাডারের প্রারম্ভিক পদে সংরক্ষিত ২০% কোঠায় ডিপ্লোমা কৃষিবিদ এইওদের চলতি দায়িত্ব প্রদান করা, এইও পদে পদোন্নতির জন্য চাকুরির মেয়াদ ০৫ থেকে কমিয়ে ০১ বছর করা, বিভিন্ন প্রকল্পের মাধ্যমে কৃষিবিদদের ন্যায় ডিপ্লোমা কৃষিবিদদের বিদেশ প্রশিক্ষণে সুযোগ সৃষ্টি করা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে বিরাজমান রিভিজিটের মাধ্যমে ডিপ্লোমা কৃষিবিদদের বিলুপ্তকৃত পদগুলো পুনঃস্থাপন বা সংযোজন করা সহ ডিপ্লোমা কৃষিবিদদের বিভিন্ন ন্যায্য দাবী বাস্তবায়নে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কৃষিবিদ মহাপরিচালক অত্যন্ত উদাসীন এবং আন্তরিক নন। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে মহাপরিচালক পদে কৃষিবিদ মহাপরিচালক না থেকে নিরপেক্ষ প্রশাসনিক মহাপরিচালক থাকলে ডিপ্লোমা কৃষিবিদদের ন্যায্য দাবীগুলো অনেক আগেই পূরন হত বলে আমাদের বিশ্বাস। সুতরাং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে দুর্নীতি মুক্ত, স্বচ্ছ, জবাবদিহিতা এবং পক্ষপাতহীন করার লক্ষ্যে মহাপরিচালকসহ দপ্তর/সংস্থার প্রশাসনিক স্তরে প্রশাসন ক্যাডারের কর্মকর্তা নিয়োগ করার জন্য আপনার সমীপে বিনীত আবেদন করছি।

মাননীয় সংসদ সদস্য,

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরসহ বিভিন্ন বিভাগ, সংস্থা ও গবেষণাগারে কর্মরত ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের ১০ম গ্রেড বেতনস্কেল বাস্তবায়নসহ কৃষকদের উন্নয়নের লক্ষ্যে, তাদের ন্যায্য পাওনা প্রাপ্তির স্বার্থে এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে দুর্নীতিমুক্ত করার লক্ষ্যে মহাপরিচালক পদসহ প্রশাসনের সকল স্তরে নিরপেক্ষ প্রশাসনিক (বি.সি.এস) ক্যাডার কর্মকর্তা নিয়োগ দিয়ে দুর্নীতির হাত থেকে কৃষি, কৃষক এবং দেশকে রক্ষা করার জন্য জোর দাবী জানাচ্ছি।

আল্লাহ আপনার সহায় হউন ।

| | |
|---|---|
| সভাপতি | সাধারন সম্পাদক |
| ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ | ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ |
| ......................জেলা শাখা। | ......................জেলা শাখা। |